দামুড়হুদা উপজেলা বাজার কমিটির ১১সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন

দামুড়হুদা উপজেলা বাজার কমিটির পূর্বের সভাপতি সহ কার্যনির্বাহী কমিটির ১৫জন সদস্য পদত্যাগ করেছে। পূর্বের কমিটির সভাপতি সহ ১৫ সদস্যের পদত্যাগের পর বাজারের ব্যবসায়ী ও দোকান মালিকদের আয়োজনে জরুরি সভা করা হয়েছে।

আজ শনিবার (২১ ডিসেম্বর) বিকাল সাড়ে ৪ টার দিকে দামুড়হুদা বাজারের শহিদুল ইসলাম মার্কেটের ২য় তলায় বাজারের ব্যবসায়ী ও দোকান মালিকদের অনুরোধে জরুরি সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান মো রফিকুল হাসান তনু।

জরুরি সভায় অভিভাবক শুন্য বাজারের শৃঙ্খলা বাজার রাখা ও বাজারের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে তিন সদস্যের উপদেষ্টা ও ১১সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

সর্বসম্মতিক্রমে তিন সদস্যের উপদেষ্টারা হলেন দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক মো রফিকুল হাসান তনু, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাবেক যুবদল নেতা শাহজালাল বাবু।

বাজার কমিটির আহ্বায়ক হয়েছেন হাজী মো মোফাজ্জেল হোসেন, যুগ্ন আহ্বায়ক মো সাজেদুল ইসলাম, যুগ্ন আহ্বায়ক মন্টু মিয়া, সদস্য মো জাহিদুল ইসলাম, মো আজিজুর রহমান, মো আশেকউদৌলা লিটন, সানোয়ার হোসেন, ইউনুস আলী, আবুল কাশেম মালিথা, আঃহাকিম ও আবু জাফর।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, বিএনপির নেতা তোতাম আলী, শামসুল আলম, লাবলু প্রমুখ।

আগামী তিন মাসের মধ্যে বাজারের ব্যবসায়ীদের ভোটার তালিকা প্রস্তুত, বকেয়া আদায় করে নির্বাচন অনুষ্ঠিত হবে।